

জবি/প্রশা-১৩/২০০৮/৬৪৪



জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

তারিখ : ০৭ মার্চ, ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তার শূন্যপদ পূরণের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.jnu.ac.bd হতে সংগ্রহ করা যাবে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

পদের নাম ও বেতন স্কেল (জ্যেবেস্কেঃ-২০১৫)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস) টাকা ৫৬,৫০০-৭৪,৪০০/- পদসংখ্যা : ১(এক) টি	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা বি.এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকতে হবে। খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে এবং কোন স্তরেই ওয় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১৮ (আঠার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পদে ৫০০০০-৭১২০০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) বেতনক্রমে ০২ (দুই) বছরের অভিজ্ঞতাসহ ৪৩০০০-৬৯৮৫০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) বেতনক্রমে উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পদে কমপক্ষে ০৬ (ছয়) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। অথবা ৪৩০০০-৬৯৮৫০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) বেতনক্রমে উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পদে কমপক্ষে ০৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ঘ) পাবলিক বিশ্ববিদ্যালয় বা শিক্ষা সংক্রান্ত প্রতিষ্ঠানে পরিকল্পনা ও উন্নয়ন কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। ঙ) বয়স সর্বোচ্চ ৫৫ বছর।

সাধারণ শর্তাবলী :

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.jnu.ac.bd হতে আগামী ২৯/০৩/২০১৮ তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম (২টি পৃথক ফরম) সংগ্রহ করতে হবে এবং একই তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত) আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে/সরাসরি) পৌছাতে হবে।
২. নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিলিপি থাকবে। বাছাই বোর্ডের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
৩. শিক্ষাগত যোগ্যতার সনদ, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদপত্র, জাতীয় পরিচয় পত্র-এর সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি সত্যায়িত ছবি সম্বলিত ০৮(আট) সেট আবেদনপত্র দাখিল করতে হবে।
৪. আবেদনপত্রের সাথে 'ট্রেজারার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা' শিরোনামে অগ্রণী ব্যাংক লিঃ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, ঢাকা-এর অনুকূলে ৬০০.০০ (ছয়শত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।
৫. চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

স্বাক্ষরিত/-

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার